

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৬.২৩-৪০২

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর স্মারক নং-৫৭১, তারিখ: ০৫ অক্টোবর ২০২৩খ্রি।

বগুড়া জেলার শেরপুর পৌরসভার মেয়র জনাব মো: জানে আলম খোকা এর বিরুদ্ধে পৌরসভার তহবিল তসরূপ ও বিভিন্ন অনিয়ম-দুর্নীতির নিম্নবর্ণিত অভিযোগ পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে।

ক্রমিক	অভিযোগের বিবরণ
১	পৌরসভার মালিকানাধীন বিভিন্ন দোকান বরাদ্দের নামে অর্থ আত্মসাত;
২	বিধি বহির্ভূতভাবে শেরপুর পৌরসভাধীন ধুনট মোড় বাস টার্মিনালের ২০২০ এবং ২০২১ সালের ইজারা মওকুফ;
৩.	অনিয়মতান্ত্রিকভাবে মাষ্টাররোলে কর্মচারী নিয়োগ;
৪.	জীপ গাড়ী মেরামতে ১০ লক্ষ টাকা ব্যয়;
৫.	শেরপুর পৌর কিচেন মার্কেটটি জুন, ২০২১ মাসে হস্তান্তর করা হলেও ২২৮টি দোকান বরাদ্দ প্রদান না করা;
৬.	পৌরসভার বিভিন্ন ক্রয়ে দুর্নীতি ও অনিয়ম;
৭.	পৌরসভার গৃহকর এসেসমেন্টে দুর্নীতি; এবং
৮.	ইমারত ও ভূমির উপর কর অতিরিক্ত কর আদায়;

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ এর উপ-ধারা (১)-এ নিম্নরূপ উল্লেখ রয়েছে:


৩২। মেয়র ও কাউন্সিলর অপসারণ: (১) মেয়র অথবা কাউন্সিলর তাহার নিজ পদ হতে অপসারণযোগ্য হবেন, যদি তিনি

(খ) অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হন;

ব্যাখ্যা: এই উপ-ধারায় বর্ণিত 'অসদাচরণ' বলিতে ক্ষমতার অপব্যবহার, ধারা ২৮ অনুযায়ী সম্পত্তি সম্পর্কিত ঘোষণা প্রদান না করা কিংবা অসত্য হলফনামা দাখিল করা, এবং বিধি-নিষেধ পরিপন্থী কার্যকলাপ, দুর্নীতি, অসদুপায়ে ব্যক্তিগত সুবিধা গ্রহণ, পক্ষপাতিত্ব, স্বজনপ্রীতি, ইচ্ছাকৃত অপশাসন ইত্যাদি বুঝাইবে।

৩। এমতাবস্থায়, বগুড়া জেলার শেরপুর পৌরসভার মেয়র জনাব মোঃ জানে আলম খোকা এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ এর উপ-ধারা (১) (ঘ) অনুযায়ী অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দায়ে কেন অপসারণ করা হবে না, এ বিষয়ে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


২৭/০৬/২০২৪

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জনাব মো: জানে আলম খোকা

মেয়র

শেরপুর পৌরসভা, বগুড়া

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, বগুড়া
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৮. অফিস কপি